# ALL INDIA RADIO
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 09.10.2023 Time:7.35A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) পুরসভায় নিয়োগ দুর্নীতির তদন্তে রাজ্যের পুরমন্ত্রী ফিরহাদ হাকিম ও বিধায়ক মদন মিত্রের বাড়ি সহ ১২ জায়গায় তল্লাশি চালিয়েছে CBI । #তৃণমূল কংগ্রেস, কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাকে দিয়ে হেনস্থার অভিযোগ তুলেছে।

২) ১০০ দিনের কাজ ও আবাস যোজনার মতো রাজ্যের উদ্বেগের বিষয়গুলি তিনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলবেন বলে, রাজ্যপাল সি ভি আনন্দ বোস আশ্বাস দিয়েছেন। # আজ বিকেলে তৃণমূল কংগ্রেস প্রতিনিধিদের সঙ্গে কলকাতায় রাজভবনে রাজ্যপালের সাক্ষাৎ।

৩/ রাজভবনের গেটের বাইরে ১৪৪ ধারা জারি থাকা সত্ত্বেও তৃণমূল কংগ্রেস কিভাবে মঞ্চ বেঁধে বিক্ষোভ দেখাচ্ছে, তা জানতে চেয়ে, রাজভবন নবান্নে চিঠি দিয়েছে।

৪/ শুধু রাজনৈতিক উদ্দেশ্যে কেন্দ্রের বিরুদ্ধে বঞ্চনার অভিযোগ করা হচ্ছে বলে কেন্দ্রীয় অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরী মন্তব্য করেছেন।

৫) পূর্ব বর্ধমানের কাটোয়ার চার সতীপীঠকে কেন্দ্র করে, সার্কিট ট্যুরিজমের উদ্যোগ নিয়েছে পর্যটন দপ্তর।

৬/ সন্তোষ ট্রফির গ্রুপ লীগের ম্যাচে, অমৃতসরে বাংলা আজ ওড়িশার মুখোমুখি হচ্ছে।

*******************************************************************

পুরসভায় নিয়োগ দুর্নীতির তদন্তে CBI গতকাল রাজ্যের পুর ও নগরোন্নয়ন  মন্ত্রী তথা কলকাতার মেয়র ফিরহাদ হাকিমের চেতলার বাড়ি এবং কামারহাটির তৃণমূল কংগ্রেস বিধায়ক মদন মিত্রের ভবানীপুর ও দক্ষিণেশ্বরের ফ্ল্যাট  সহ ১২-টি জায়গায় তল্লাশি চালায়। সাড়ে ৯ ঘণ্টা পর সন্ধে সাড়ে ৬-টা নাগাদ ফিরহাদ হাকিমের বাড়ি থেকে বেরোন সি বি আই আধিকারিকরা। পুরো সময় বাড়ির সামনে পাহারায় ছিল কেন্দ্রীয় বাহিনী। কেন্দ্রীয় সংস্থার বিরুদ্ধে মানসিক নির্যাতনের অভিযোগ করেছেন ফিরহাদ কন্যা।

অন্যদিকে, মদন মিত্রের আইনজীবীর দাবি, ভবানীপুরের বাড়িতে তল্লাশি চালিয়ে কোন নথি নিয়ে যায়নি সিবিআই। প্রায় ৬ ঘণ্টা ধরে তল্লাশি চলে। এর পাশাপাশি হালিশহর, উত্তর দমদম, কাঁচরাপাড়া, নিউ ব্যারাকপুর ও কৃষ্ণনগর পুরসভার প্রাক্তন এবং টাকি ও দমদম পুরসভার বর্তমান চেয়ারম্যানের বাড়িতে হানা দেয় সিবিআই-এর দল। এর আগে খাদ্যমন্ত্রী রথীন ঘোষের মধ্যগ্রামের বাড়িতে ১৯ ঘণ্টার বেশি তল্লাশি চালিয়েছিল ইডি। দীর্ঘদিন মধ্যমগ্রাম পুরসভার চেয়ারম্যান ছিলেন তিনি ।

শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় অয়ন শীল গ্রেফতার হওয়ার পর তার বাড়িতে ও অফিসে তল্লাশি চালিয়ে ২০১৪ থেকে ১৮-র মধ্যে বিভিন্ন পুরসভায় কর্মী নিয়োগে দুর্নীতির বিষয়টি প্রকাশ্যে আসে।

এদিকে, শুধু হেনস্থা করার জন্যই সিবিআই তাঁর বাড়িতে তল্লাশি চালিয়েছে বলে ফিরহাদ হাকিম অভিযোগ করেছেন। গতসন্ধ্যায় সাংবাদিকদের সামনে তিনি প্রশ্ন তোলেন, পুরসভায় নিয়োগ প্রক্রিয়ার সঙ্গে তাঁর কোন সম্পর্ক না থাকা সত্ত্বেও কেন এই অপমান?

(BYT-ফিরহাদ)

অন্যদিকে মদন মিত্র জানান, তাঁর কাছে যা যা জানতে চাওয়া হয়েছে তিনি সবই জানিয়েছেন। ব্যাঙ্কের নথিপত্র’ও দেখিয়েছেন।

(বাইট- মদন)

*********************

১০০ দিনের কাজ ও আবাস যোজনার মতো রাজ্যের উদ্বেগের বিষয়গুলি তিনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলবেন বলে, রাজ্যপাল সি ভি আনন্দ বোস জানিয়েছেন। গতরাতে রাজভবনে ফিরে রাজ্যপাল সাংবাদিকদের বলেন, রাজভবনের দরজা সবার জন্য খোলা।

(বাইট- রাজ্যপাল)

এদিকে আজ বিকেল ৪টের সময় তৃণমূল কংগ্রেস প্রতিনিধিদের রাজ্যপাল সময় দিয়েছেন বলে জানা গেছে। তবে তৃণমূল কংগ্রেসের তরফ থেকে কারা রাজ্যপালের সঙ্গে সাক্ষাৎ করতে যাবেন, তা এখনও জানা যায়নি। এপ্রসঙ্গে দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেন-

( বাইট- অভিষেক)

*********************

রাজ্যপাল সি ভি আনন্দ বোস উত্তরবঙ্গ থেকে কলকাতায় ফেরার আগেই রাজভবনের গেটের বাইরে ১৪৪ ধারা জারি থাকা সত্ত্বেও তৃণমূল কংগ্রেস কিভাবে মঞ্চ বেঁধে বিক্ষোভ দেখাচ্ছে, সেই প্রশ্ন তুলে রাজভবনের তরফে নবান্নে চিঠি পাঠানো হয়েছে। মুখ্য সচিব হরিকৃষ্ণ দ্বিবেদীকে চিঠি পাঠিয়ে এব্যাপারে জানতে চাওয়া হয়েছে বলে রাজভবন সূত্রে জানা গেছে।

১-শো দিনের কাজ ও আবাস যোজনায় কেন্দ্রের বিরুদ্ধে বঞ্চনার অভিযোগে রাজভবনের উত্তর গেটের সামনে অভিষেক বন্দ্যোপাধ্যায় ধর্ণা অবস্থান শুরু করার দিন থেকেই বিজেপি, ১৪৪ ধারা জারি থাকা এলাকায় এর অনুমতি পাওয়া নিয়ে প্রশ্ন তোলে।

রাজভবনের সামনে ১৪৪ ধারা থাকলে বিজেপি কিভাবে সেখানে জমায়েত করে, সে প্রশ্ন তুলেছেন তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। গতকাল ধর্নামঞ্চ থেকে তিনি বলেন-

(বাইট- অভিষেক)

অভিষেকের অভিযোগকে খন্ডন করেছেন বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার-

(বাইট- সুকান্ত)

*********************

কলকাতা পুলিশ পুরোপুরি আইন লঙ্ঘন করে তৃণমূল কংগ্রেসকে রাজভবনের সামনে আন্দোলন করার সুবিধা দিয়েছে বলে বিজেপি অভিযোগ করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, এক্স হ্যান্ডলে অভিযোগ করেছেন, এর আগে কলকাতা পুলিশ, চাকরিপ্রার্থীদের ধর্না ও আন্দোলনের বিরোধিতা করেছে। আন্দোলন চালিয়ে যাওয়ার জন্য তারা আদালতের অনুমোদন চাইতে গেলেও পুলিশ তাতে আপত্তি জানিয়েছে। পুলিশের আপত্তির কারণে আদালত আন্দোলনকারী চাকরিপ্রার্থীদের উপর শর্ত আরোপ করেছে। কিন্তু তৃণমূল কংগ্রেসকে পুলিশ কিভাবে ১৪৪ ধারা জারী থাকা এলাকায় এই আন্দোলন করার অনুমতি দিল বিরোধী দলনেতা সে প্রশ্ন তোলেন।

*********************

কেন্দ্রীয় অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরী বিজেপির সাংগঠনিক কার্যক্রমে অংশ নিতে গতকাল পূর্ব বর্ধমানের রায়নায় যান। এর আগে ‘মেরি মাটি মেরা দেশ’ কর্মসূচিতে রায়নার সুবলদহ গ্রামে বিপ্লবী রাসবিহারী বসুর জন্মস্থান থেকে মাটি সংগ্রহ করেন তিনি। শ্রদ্ধা জানান রাসবিহারী বসুর প্রতি।

পরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে পৌর দুর্নীতির তদন্তে তৃনমুল নেতা মন্ত্রীদের বাড়িতে সিবিআই ইডি হানা প্রসঙ্গে তিনি বলেন, সিবিআই, ইডি, আয়কর বিভাগ সব কটি স্বতন্ত্র সংস্থা, তারা ভারতীয় জনতা পার্টির এক্তিয়ারে নেই।

কেন্দ্রীয় সরকারের কাছ থেকে রাজ্যের পাওনা আদায় নিয়ে তৃনমুল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ধর্না প্রসঙ্গে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বলেন, কেন্দ্রের বিশেষ দল সরকারী প্রকল্পগুলির বিষয়ে খতিয়ে দেখতে রাজ্যে এসে প্রচুর গরমিল পায়।। রাজ্যকে এ নিয়ে তদন্ত করে রিপোর্ট দিতে বলা হয়েছিল।। গত তিন বছর ধরে পশ্চিমবঙ্গ সরকার তা দেয়নি।

কেন্দ্রের বিরুদ্ধে রাজনৈতিক উদ্দেশ্যে অভিযোগ আনা হচ্ছে বলেও মন্তব্য করেন তিনি। (বাইট-পঙ্কজ)

********************

রাজ্যপাল সি ভি আনন্দ বোস আবারও প্রাকৃতিক বিপর্যয় এড়াতে পরিবেশ রক্ষার পক্ষে জোরালো সওয়াল করেছেন। মেঘভাঙা বৃষ্টিতে সিকিমের লোনাক হ্রদ উপচে তিস্তার হড়পা বানে ক্ষতিগ্রস্ত কালিম্পং-এর তিস্তা বাজার এলাকা ঘুরে দেখার পর আজ তিনি বলেন, বিধ্বংসী বন্যায় দুর্গত মানুষজনের সঙ্গে কথা বলতেই তাঁর গ্রাউন্ড জিরোয় আসা। এখানকার মানুষের স্বার্থে পরবর্তী পদক্ষেপ কি হওয়া প্রয়োজন, তা নিয়ে কেন্দ্রীয় সরকার এবং সংশ্লিষ্ট সবার সঙ্গে তিনি কথা বলবেন বলে জানান রাজ্যপাল।

********************

সিকিমের বিপর্যয়ে মৃত কোচবিহারের ভেটাগুড়ির রুয়েরকুঠি এলাকার বাসিন্দা রাহুল মোদকের বাড়িতে গতকাল স্থানীয় তৃণমূল কংগ্রেস নেতৃত্ব যান। সিকিমের রংপোতে বেসরকারী ব্যাঙ্কে কর্মরত রাহুল জলের তোড়ে ভেসে যান। বৃহস্পতিবার উদ্ধার হয় তাঁর দেহ । কোচবিহারের প্রাক্তন সাংসদ পার্থ প্রতীম রায়, তাঁর পরিবারের পাশে থাকার আশ্বাস দিয়েছেন।

********************

পর্যটন দপ্তর পূর্ব বর্ধমানের কাটোয়ার চার সতীপীঠকে কেন্দ্র করে সার্কিট tourism এর উদ্যোগ নিয়েছে। পর্যটকদের এই ৪ সতী পীঠ ঘুরিয়ে দেখাতে বিশেষ প্যাকেজের ব্যবস্থা করা হয়েছে বলে পর্যটন মন্ত্রী ইন্দ্রনীল সেন জানিয়েছেন। পুজোর আগেই

প্রকল্পটি চালু হবে। উল্লেখ্য, কাটোয়া মহকুমায় মঙ্গলকোট ও কেতুগ্রাম থানা এলাকায় রয়েছে এই চারটি সতী পীঠে রয়েছে দেবীর ভিন্ন ভিন্ন রূপের মূর্তি। একই দিনে যাতে এই চার সতী পীঠ দর্শন করা যায়, সেজন্য একটি প্যাকেজ চালু করা হচ্ছে।

*********************

আসন্ন দুর্গা পুজোয় দর্শনার্থীদের মন্ডপে প্রবেশের সুবিধার জন্য কলকাতা পুলিশ এবার ডিসপ্লে বোর্ড বসানোর সিদ্ধান্ত নিয়েছে। এর সাহায্যে কতক্ষন লাইনে অপেক্ষা করতে হবে, তা জানানো সম্ভব হবে। পুলিশ কমিশনার বিনীত গোয়েল জানিয়েছেন, দর্শনার্থীরা যাতে ভালোভাবে ঠাকুর দেখতে পারেন সেজন্য প্রয়োজনীয় সব ব্যবস্থা করা হচ্ছে। উদ্যোক্তারাও বেশ কিছু প্রস্তাব দিয়েছেন। সেগুলি খতিয়ে দেখা হবে।

রাত দুটো থেকে সকাল ৬টা পর্য্যন্ত শহরে বাড়তি পুলিশ মোতায়েন থাকবে। মহিলাদের সুরক্ষার জন্য চব্বিশ ঘন্টার একটি বিশেষ হেল্প লাইন খোলা হয়েছে। এর নম্বর হলো ৭৪৪৯৯০০১১১।

*********************

তৃণমূল কংগ্রেস সাংসদ তথা অভিনেতা দীপক অধিকারী-দেব গতকাল ঘাটালের বন্যা পরিস্থিতি ঘুরে দেখেন। নৌকোয় করে তিনি ঘাটালের বিভিন্ন জলমগ্ন এলাকায় গিয়ে বাসিন্দাদের সঙ্গে কথা বলেন।

*********************

চাকুরীর দাবিতে ২০০৯ সালের প্রাথমিকে চাকুরীপ্রার্থীরা গতকাল দক্ষিণ ২৪ পরগণার সোনারপুরে মিছিল করেছেন। ঘাসিয়ারায় সোনারপুর দক্ষিণের বিধায়ক লাভ্লি মৈত্রের বাড়ি থেকে মিছিল যায়, সোনারপুর থানা পর্যন্ত।

আগামী ১১’তারিখ গান্ধী মূর্তির পাদদেশে জমায়েতের’ও ডাক দেওয়া হয়েছে।

*********************

নিউটাউনের নিট পরীক্ষার্থী সাজিদ হোসেনের অপহরণ ও খুনের প্রতিবাদে দোষীদের উপযুক্ত শাস্তির দাবীতে, কংগ্রেসের ছাত্র সংগঠন ছাত্র পরিষদ গতকাল কলকাতায় মিছিল করে। প্রদেশ কংগ্রেস কার্যালয় থেকে মিছিল যায় মৌলালি পর্যন্ত।

উল্লেখ্য, মালদার কালিয়াচকের বাসিন্দা সাজিদকে, অপহরণের পর খুন করা হয় বলে অভিযোগ।

*********************

অমৃতসরে সন্তোষ ট্রফির গ্রুপ লিগের প্রথম ম্যাচে বাংলা আজ ওড়িশার বিরুদ্ধে খেলবে। গ্রুপ বি- তে অন্য দলগুলি হলো পাঞ্জাব, হরিয়ানা, দিল্লি, লাদাখ। বাংলা দলের নেতৃত্ব দেবেন গোলরক্ষক শঙ্কর রায়। ছয়টি গ্রুপে মোট ৩৬ টি দল এবার অংশ নিচ্ছে। সন্তোষ ট্রফিতে বাংলা সর্বাধিক ৩২ বার চ্যাম্পিয়ন হয়েছে।

*************************************************************